

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -২ শাখা

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচক ১১.১.১ অনুযায়ী বাস্তবায়িত ডিজিটাল সেবার রিভিউ
সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	জনাব মোঃ নূরুল আলম যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার তারিখ	১৫-০২-২০২১
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ (ব্লক-এ)
উপস্থিতি	...

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচক ১১.১.১ অনুযায়ী একটি ডিজিটাল সার্ভিস বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। সে আলোকে গত ০৮-১২-২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী একটি ডিজিটাল সার্ভিস বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এরই প্রেক্ষিতে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম "এসআইডি মিটিং ম্যানেজার" নামে একটি ওয়েব অ্যাপ্লিকেশন ও একটি মোবাইল অ্যাপ্লিকেশন প্রস্তুত করেছেন। অতঃপর সভাপতি এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব রফিকুল ইসলাম পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক বাস্তবায়িত "এসআইডি মিটিং ম্যানেজার" ডিজিটাল সার্ভিসটি বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। এ পর্যায়ে সিস্টেম এনালিস্ট জনাব রফিকুল ইসলাম প্রস্তুতকৃত "এসআইডি মিটিং ম্যানেজার" ডিজিটাল সার্ভিসটি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। তিনি বলেন এ বিভাগের কর্মকর্তাগণের একই দিনে একাধিক মিটিং থাকে, যার ফলে কর্মকর্তাগণ মিটিং এর শিডিউল এবং টাইমিং নিয়ে অনেক সময় আপডেটেড থাকেন না। অধিকন্তু আগামীদিনের মিটিং গুলোর তথ্য অফিস ফাইল ছাড়া তাঁদের হাতের নাগালে থাকে না। অনেক সময় অফিসের বাইরে থেকেও মিটিং শিডিউল ও টাইমিং জানা প্রয়োজন হয় যা অনেকটা কষ্টসাধ্য। অনেকে বিভিন্ন 3rd Party অ্যাপ্লিকেশন মোবাইলে ইনস্টল করেছেন কিন্তু সেগুলোতে মিটিং শিডিউল ম্যানুয়ালি এন্ট্রি করতে হয়। যার ফলে সবসময় সকল মিটিং মোবাইলে এন্ট্রি হয় না। এই সমস্যা উত্তরণের লক্ষ্যে এই "এসআইডি মিটিং ম্যানেজার" অ্যাপ্লিকেশনটি ডেভেলপ করা হয়েছে। এর ফলে বিভিন্ন সভার নোটিশ এ বিভাগের শাখা থেকে জারি করার সাথে সাথে মিটিং এ অংশগ্রহণকারীদের মোবাইলে মিটিং শিডিউল ক্যালেন্ডারসহ কোনো খরচ ব্যতিরেকে তাৎক্ষণিক নোটিফিকেশন চলে যাবে। ফলে কর্মকর্তাগণ বিভিন্ন তারিখের মিটিং শিডিউল যে কোন জায়গা হতে দেখতে পাবেন। অতঃপর তিনি "এসআইডি মিটিং ম্যানেজার" ডিজিটাল সার্ভিসটি সকলের অবগতির জন্য অপারেট করে দেখান। বিস্তারিত আলোচনা শেষে সভায় উপস্থিত সকলে "এসআইডি মিটিং ম্যানেজার" ডিজিটাল সার্ভিসটির প্রশংসা করেন এবং তা চূড়ান্তকরণের বিষয়ে একমত পোষণ করেন।


বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) "এসআইডি মিটিং ম্যানেজার" সার্ভিসটি চূড়ান্ত করা হয় এবং ডিজিটাল সার্ভিসটির লিংক ওয়েবসাইটে প্রকাশের

সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) ডিজিটাল সার্ভিসটি ব্যবহারের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অবশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব মোঃ নূরুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার,
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।


স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২০.৫৯

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭

১৬ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) সিনিয়র সহকারী সচিব, অডিট ও সমন্বয় অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার